

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৯, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ অগ্রহায়ণ, ১৪১৪ বঙ্গাব্দ/২৯ নভেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭০-আইন/২০০৭।—যেহেতু নির্বাহী বিভাগ হইতে বিচার কর্ম বিভাগ পৃথকীকরণ প্রক্রিয়ায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস নামে একটি স্বতন্ত্র সার্ভিস গঠন, সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ, সার্ভিসের সদস্যগণের বরখাস্তকরণ, সাময়িক বরখাস্তকরণ, অপসারণ ও আনুষঙ্গিক বিষয়ে বিধান এবং উক্ত সার্ভিসের সদস্যগণের কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃংখলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী বিষয়ে দুইটি বিধিমালা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (গঠন, প্রবেশ পদে নিয়োগ, এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৬ এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃংখলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৬ বিগত ১২ জুন ২০০৬ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর করা হয়; এবং

যেহেতু বর্ণিত উপরি-উক্ত দুইটি বিধিমালা পরবর্তীতে রহিত করিয়া উক্ত বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃংখলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ শীর্ষক দুইটি বিধিমালা প্রণয়ন ও জারী করিয়া উহা বিগত ০১ জুলাই ২০০৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর করা হইয়াছে; এবং

(৮৫১৫)

মূল্য : টাকা ২.০০

যেহেতু সরকারের উপ-সচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতির বিষয়ে সরকারের উপ-সচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২ বিগত ১১ই জুন ২০০২ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর করা হইয়াছে; এবং

যেহেতু উপরে বর্ণিত কারণে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিগত ২২ ফেব্রুয়ারি ২০০১/১০ ফাল্গুন ১৪০৭ তারিখে জারীকৃত ১২৮-বিচার-৩/২এম-২/২০০০ নং প্রজ্ঞাপনটি ইতোমধ্যেই অকার্যকর হওয়া সত্ত্বেও অনভিপ্রেত সংশয় পরিহারের লক্ষ্যে আনুষ্ঠানিকভাবে উহা রহিত ঘোষণা করা প্রয়োজন;

সেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ১২৮-বিচার-৩/২ এম-২/ ২০০০, তারিখ ২২ ফেব্রুয়ারি ২০০১/১০ ফাল্গুন ১৪০৭ এতদ্বারা রহিত ঘোষণা করা হইল।

২। এই প্রজ্ঞাপন উপরি-উক্ত রহিত ঘোষিত প্রজ্ঞাপনের ৩, ৪, ৫(ঙ), ৫(চ), ৮ ও ৯ নং অনুচ্ছেদসমূহের ক্ষেত্রে ১১ই জুন ২০০২ খ্রিস্টাব্দ তারিখে এবং অবশিষ্ট অনুচ্ছেদসমূহের ক্ষেত্রে ১২ই জুন ২০০৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি এবং রাষ্ট্রপতির অনুমোদনক্রমে জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ইসরাইল হোসেন

যুগ্ম-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।